

৪৪-১  
২২/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।  
( [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) )


### বিজ্ঞপ্তি

নং-বাসককস/ইউ-১/সরাসরি-২/০৯/ ৪৫

তারিখ : ০২-০২-২০১৫খ্রিঃ।

বিষয় : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর মোটরযান পরিদর্শক পদের লিখিত পরীক্ষার ২ (দুই) জন পরীক্ষার্থী উত্তরপত্রের লিখোকোডের প্রথম অংশে রেজিস্ট্রেশন নম্বর ও নাম কাটাকাটি করে উত্তরপত্র পরিবর্তন করার জন্য প্রার্থীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর মোটরযান পরিদর্শক পদের লিখিত পরীক্ষার পরীক্ষার্থী জনাব আব্দুল জলিল (রেজিস্ট্রেশন নম্বর ২৯৬) এবং জনাব কে,এম, হোসনে মোবারক (রেজিস্ট্রেশন নম্বর ২৯৭) কর্তৃক লিখিত পরীক্ষার উত্তরপত্রের লিখোকোডের প্রথম অংশে রেজিস্ট্রেশন নম্বর ও নাম কাটাকাটি করে উত্তরপত্র পরিবর্তনের অপরাধে কমিশনের পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা, ২০০০ এর আলোকে পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট পরীক্ষা বাতিলসহ ঐ বৎসর এবং পরবর্তী তিন বৎসরে কমিশন কর্তৃক অনুষ্ঠিতব্য যে কোন পরীক্ষার জন্য এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত যে কোন পদে আবেদন করার জন্য অযোগ্য ঘোষণা করা হলো।

  
(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), (যুগ্ম-সচিব)।